

২০২১

বাংলা - সাম্মানিক

তৃতীয় সেমেস্টার

পত্র : CC-7

(কথাসাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) চিঠিতে রবীন্দ্রনাথ জানিয়েছিলেন : “যোগাযোগটাকে মাঝখানে এক জায়গায় থামিয়ে দেওয়া গেল। আবার যদি ইচ্ছা হয় তবে অন্য একটা নাম দিয়ে এর আর একটা অংশ লেখবার চেষ্টা করা যাবে।” — ‘যোগাযোগ’ কি অসম্পূর্ণ উপন্যাস? তোমার বক্তব্যের সমর্থনে যুক্তি দাও। ১০

অথবা,

- (খ) ‘যোগাযোগ’ উপন্যাসের বিপ্রদাস চরিত্রটি সমগ্র রবীন্দ্র উপন্যাসে স্বাতন্ত্র্য-চিহ্নিত।— এই স্বাতন্ত্র্যের পরিচয় দাও। ১০

অথবা,

- (গ) ‘দেনাপাওনা’ উপন্যাসের নামকরণের তাৎপর্য বিচার করো। ১০

অথবা,

- (ঘ) ‘দেনাপাওনা’ উপন্যাসের ষোড়শী চরিত্রটির বৈশিষ্ট্য বিচার করো। ১০

- ২। (ক) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের কেন্দ্রে রয়েছে কুবের চরিত্রের গোষ্ঠীস্বভাব থেকে ব্যক্তিস্বভাবে নিষ্কমণ তথা মুক্তি। — তুমি কি এই মত সমর্থন করো? যুক্তিসহ লেখো। ১০

অথবা,

- (খ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে পদ্মা নিছক পটভূমি মাত্র নয় তা জীবন্ত চরিত্র হয়ে উঠেছে। — মন্তব্যটি বিচার করো। ১০

অথবা,

- (গ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসে অরণ্য ও মুন্ডা সমাজ অভিন্নসত্তা হয়ে উঠেছে। — আলোচনা করো। ১০

অথবা,

- (ঘ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসে অমূল্য আব্রাহাম চরিত্রটির প্রয়োগগত তাৎপর্য আলোচনা করো। ১০

Please Turn Over

- ৩। (ক) একটি মূক ও বধির মেয়ের জীবনযন্ত্রণা ‘সুভা’ গল্পে যে মর্মস্পর্শী ভাষায় ব্যক্ত হয়েছে তা পর্যালোচনা করো। ১০

অথবা,

- (খ) ‘ফসিল’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

- ৪। (ক) “যেখানে কার্যকারণের যোগাযোগ নেই সেখানে তর্ক করবে কি নিয়ে? অমাবস্যার সঙ্গে কুস্তি করা চলে না।” — প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

অথবা,

- (খ) “এমন কিছু আছে যা ছেলের জন্যেও খোওয়ানো যায় না।” — বক্তব্যটির অন্তর্নিহিত তাৎপর্য বুঝিয়ে দাও। ৫

অথবা,

- (গ) “ইহা ভিত্তিহীন শূন্য আফালন নহে, তাহা শুনিলেই বুঝা যায়।” — প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

অথবা,

- (ঘ) “..... আমাকে দুঃখীর কাজে লাগিয়ে দেখো কখখনো ঠকবে না” — প্রসঙ্গ নির্দেশ করে বক্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

- ৫। (ক) ‘মানুষ বশ করার কত কায়দাই লোকটা জানে!’ — উদ্দিষ্ট ‘লোকটা’র পরিচয় দাও। ৫

অথবা,

- (খ) “গ্রামের একটি মেয়েকে হাসপাতালে নেওয়া প্রতিমা বিসর্জনের চেয়ে কম গুরুতর ব্যাপার নয়।” — বক্তব্যটির অন্তর্নিহিত তাৎপর্য বুঝিয়ে দাও। ৫

অথবা,

- (গ) “মুভা শুধু ঘাটো খাবে কেন? কেন সে দিকুদের মত ভাত খাবে না?” — প্রসঙ্গ নির্দেশ করে বক্তব্যের তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

অথবা,

- (ঘ) “লড়াই যেথা ও সেথা। ওর বয়স আটশো অষ্টাশি চাঁদ হল।” — উদ্দিষ্ট ব্যক্তিটির পরিচয় দাও। ৫

- ৬। (ক) “.....আমার সমস্ত ইহজীবনে কেবল ক্ষণকালের জন্য একটি অনন্তরাত্রির উদয় হইয়াছিল— আমার পরমায়ুর সমস্ত দিন-রাত্রির মধ্যে সেই একটিমাত্র রাত্রিই আমার তুচ্ছ জীবনের একমাত্র চরম সার্থকতা।” — কার কেন এই রকম উপলব্ধি তা বুঝিয়ে দাও। ৫

অথবা,

- (খ) “চৈত্র শেষে আবার নতুন কোন গন্ধ পায় কি গাজনপুরের পদ্মবুড়ি!” — প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

- ৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৫×১

- (ক) ‘যোগাযোগ’ উপন্যাসের নিস্তারিণী চরিত্রটির ভূমিকা সংক্ষেপে ব্যাখ্যা করো।

অথবা,

- (খ) ‘দেনাপাওনা’ উপন্যাসের ফকির সাহেব চরিত্রটির প্রয়োগগত তাৎপর্য বুঝিয়ে দাও।  
 (গ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে ব্যবহৃত ভাষার বৈশিষ্ট্য আলোচনা করো।

অথবা,

- (ঘ) “এইরকমই ছিল ধানীদের জীবন।” — ধানীদের জীবনের পরিচয় দাও।  
 (ঙ) “দেখতে পেলেন মেয়েটির ভিতর থেকে ঝকঝক করছে ক্যারেকটারের তেজ—”। উদ্দিষ্ট মেয়েটির পরিচয় দাও।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) ‘যোগাযোগ’ উপন্যাসের মুকুন্দলালের স্ত্রী-র নাম কী?

অথবা,

- ‘দেনাপাওনা’ উপন্যাসের চণ্ডীগড় গ্রামে জীবানন্দের মাতামহ যে বাংলা বাড়ি তৈরি করেছিলেন তার নাম কী?  
 (খ) “ছেলেবেলা থেকে আমি যা কিছু কল্পনা করেছি সব তোমাদেরই ছাঁচে।” — কার উক্তি?

অথবা,

- “মায়ের ভৈরবী আর তোমাকে রাখলে চলবে না” — কার উক্তি?  
 (গ) “খবরটা বিপ্রদাসের কানে গেল” — কোন খবর?

অথবা,

- “..... যা ভাবা গিয়েছিল, বোধ হয় ঠিক তা নয় — নেহাত হাবাবোকা বলে মনে হয় না।” — উদ্দিষ্ট ব্যক্তির পরিচয় দাও।  
 (ঘ) “নে যন্ত্রটা আমরা দুজনে মিলে বাজাই”। — কোন যন্ত্র?

অথবা,

- “..... যে পীড়িত, যে অসহায় তাকে রক্ষা করাই ত আমাদের ব্যবসা মা।” — কার উক্তি?  
 (ঙ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসটির প্রথম ইংরেজি অনুবাদ করেন কে?

অথবা,

- ‘অরণ্যের অধিকার’ উপন্যাসটি উৎসর্গ করা হয়েছে কাদের?  
 (চ) “গরিবের মধ্যে সে গরিব, ছোটোলোকের মধ্যে আরো বেশি ছোটোলোক” — কার সম্পর্কে বলা হয়েছে?

অথবা,

- “চল ধানী, ভাগনাদিহি যাই।” — ‘ভাগনাদিহি’ কীসের জন্য বিখ্যাত?  
 (ছ) মালার বাপের বাড়ি কোথায়?

অথবা,

- বীরসার কোথায় জন্ম হয়?  
 (জ) “আমারে নিবা মাঝি লগে?” — কার উক্তি?

Please Turn Over

অথবা,

- “বাট দিস ইজ রেবেলিয়ন।” — ‘রেবেলিয়ন’ শব্দের অর্থ কী?
- (ঝ) ‘ল্যাবরেটরি’ গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- (ঞ) “ও কে। ও কে। ও কে গো।” — উদ্দিষ্ট ব্যক্তিটি কে?
- (ট) “এই দল হইতেই তাহার শেষ পলায়ন।” — কার কথা বলা হয়েছে?
- (ঠ) ‘মহানগর’ গল্পটি কবে কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
- (ড) “বকম বকম আর বকম বকম।” — কার কথা বলা হয়েছে?
- (ঢ) “দুজনেই থরথর করে কেঁপে ওঠে” — কার কার কথা বলা হয়েছে?
- (ণ) “রাজ্য শাসন লাঠিবাজি নয়, এও একটা আর্ট” — এই ভাবনাটি কার?
-